

২০১৮

## বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে

- ১। ঘটনা পরম্পরার বর্ণনা নয়, মানবিক সম্পর্কগুলির জটিল বিন্যাসের উদ্ঘাটনই 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের বিশেষত্ব। — আলোচনা করো। ১৪
- অথবা
- 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসটি অবলম্বনে কুসুম চরিত্রটির অভিনবত্ব আলোচনা করো। ১৪
- ২। বীরসা মুণ্ডার 'ধরতি আবা' হয়ে ওঠার ইতিবৃত্তটি 'অরণ্যের অধিকার' উপন্যাস অবলম্বনে বিবৃত করো। ১২
- অথবা
- 'অরণ্যের অধিকার' উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির প্রাসঙ্গিকতা আলোচনা করো। ১২
- ৩। 'একরাত্রি' গল্পের 'ভাঙা স্কুলের সেকেভ মাস্টার' চরিত্রটির শিল্প সার্থকতা বিশ্লেষণ করো। ১২
- অথবা
- 'ক্ষুধিত পাষণ' গল্পটিকে সার্থক অতিপ্রাকৃত কাহিনি বলা যায় কিনা আলোচনা করো। ১২
- ৪। 'চুয়া চন্দন' গল্পটির নামকরণের সার্থকতা বিচার করো। ১৫
- অথবা
- 'টোপ' গল্পটি অবলম্বনে রাজা বাহাদুর চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো। ১৫
- ৫। 'আমি সত্যই খ্রিস্টান নাই গো বাপ', — বক্তা কে? উক্তিটির আলোকে বক্তার চরিত্রটি বিশ্লেষণ করো। ১+১৪
- অথবা
- 'এখন প্রেম' গল্পটি এক বিক্ষুব্ধ সময়ের দলিল'। — আলোচনা করো। ১৫
- ৬। 'এমন ছলনা করলে কেন? বললেই হত সঙ্গে যাবে?' — কে কাকে বলেছে? কীভাবে সে ছলনা করেছিল? ২+২
- অথবা
- 'ও কাজের বরাত দিয়েছি সূর্যকে'। — বক্তা কে? কোন্ কাজের বরাত সে সূর্যকে দিয়েছিল? ১+৩

[Turn Over]

৭। 'সিং বোজা পূজব না, তোমার ঠাকুরও পূজব না। তোমার নুন খেয়েছি তাই বেঁচে গেলে।' — কে, কাকে বলেছে? প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দাও।

১+৩

অথবা

'ওর কথা শুনিস না বাবা, জীবনকালে দশটি ছেলেকে ও লড়াইয়ে নামিয়েছে।' — কে, কাকে একথা বলেছে? কার সম্পর্কে কেন এই উক্তি করা হয়েছে?

২+২

৮। 'তাহার চক্ষুদুটি সকল কথাই বলিয়াছিল, কিন্তু কেহ তাহা বুঝিতে পারে নাই।' — কার কথা বলা হয়েছে? তার কথা কেন কেউ বোঝেনি?

১+৩

অথবা

'কেন, তোমার সার আইজাক নিউটনের বুদ্ধি আমি ঘুলিয়ে দেব মনে কর?' — কে, কাকে বলেছে? কাকে 'সার আইজাক নিউটন' বলা হয়েছে? উক্তিটির মধ্য দিয়ে বক্তার কোন্ মানসিকতা প্রতিফলিত হয়েছে?

২+১+১

৯। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'এ বৌটার পরমায়ু আছে', — কে, কাকে কথাটি বলেছে? কারণ কী?

২+৩

(খ) 'থাকো না কেন রাত্রে? আমি রাত্রে পায়ের রেঁধে দেব।' — কে, কাকে একথা বলেছে? কেন সে তাকে থাকতে অনুরোধ করছে?

২+৩

(গ) 'আমার যে যাবার উপায় নেই ভাই।' — বক্তা কে? তার যাবার উপায় নেই কেন?

১+৪

(ঘ) 'যারা করে, তারা করুক। আমাদের বংশে ওসব কোনদিন হয়নি, হবেও না।' — বক্তা কে? কোন্ প্রসঙ্গে তার এই উক্তি?

১+৪

১০। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :

(ক) 'গল্প লিখতে গিয়ে নিজেই আবার গল্পের নায়িকা হয়ে পড়ো না যেন।' — বক্তা কে? কাকে উদ্দেশ্য করে কথাটি বলা হয়েছে? কারণ কী?

১+১+৩

(খ) 'দেখেও আনন্দ। আপনাদের আর কি ভাবনা মশাই। জীবন সামনে পড়ে আছে।' — কে, কাকে বলেছে? বক্তার কোন্ মানসিকতার প্রকাশ এই উক্তিতে ধরা পড়েছে?

২+৩

(গ) 'ইচ্ছে করে কেউ ছেলেকে পাগল বানায় না।' — কার উক্তি? ছেলেকে পাগল বানাবার প্রসঙ্গ কেন এসেছে?

১+৪

(ঘ) 'ঠিক হবে না। তোমার দুটো বোন আছে। একজন বিয়ের যুগ্যি।' — কে, কাকে কথাটি বলেছে? কোন কাজ ঠিক হবে না বলা হচ্ছে? কারণ কী?

২+১+২